# মাঝ আকাশে পোড়া গন্ধ, যাত্রীরা আতঙ্কে

- A Monitor Desk Report　　　　Date: 10 November, 2025




ঢাকাঃ মাঝ আকাশে ছড়াল তীব্র পোড়া গন্ধ। আর সেই গন্ধেই সৃষ্টি হয় ভয়ঙ্কর পরিস্থিতির!

ভারতের উড়োজাহাজ সংস্থা ইন্ডিগোর একটি ফ্লাইটে হঠাতই তীব্র পোড়া গন্ধ ছড়িয়ে পড়লে এই ঘটনা ঘটে। উড়োজাহাজটি নিরাপদে অবতরণ করলেও গন্ধের উৎস সম্পর্কে পরিষ্কার কোনো ব্যাখ্যা মেলেনি।

জানা গেছে, মাঝ আকাশেই উড়োজাহাজের কেবিনে পোড়া গন্ধ অনুভূত হয়। দ্রুত এই খবর ছড়িয়ে পড়তেই যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। সেই মুহূর্তের সম্পূর্ণ ঘটনাটি রেকর্ড করে সোশ্যাল মিডিয়ায় শেয়ার করেছেন এক যাত্রী।

ভিডিওতে দেখা যায়, কেবিনের কর্মীরা ওভারহেড বিন পরীক্ষা করছেন, আর যাত্রীরা গন্ধের উৎস এবং নিরাপত্তা নিয়ে অভিযোগ জানাচ্ছেন। একজন যাত্রীকে তো রীতিমতো উড়োজাহাজটিকে জরুরি অবতরণ করানোর অনুরোধ জানাতেও শোনা যায়।

ওই যাত্রী জানান, গন্ধের কারণ নিয়ে উড়োজাহাজের কর্মীরাও প্রথমে বেশ বিভ্রান্ত ছিলেন।

তিনি আরও উল্লেখ করেন, কর্মীদের কাছে জানতে চাইলে তারা বলেন যে উড়োজাহাজটি একেবারে নতুন এবং মাত্র দুটি ফ্লাইট শেষ করেছে। তবে, এই কঠিন পরিস্থিতিতে যাত্রীদের শান্ত করার জন্য উড়োজাহাজ কর্মীদের ভূমিকার প্রশংসা করেছেন ওই যাত্রী।

সোশ্যাল মিডিয়ার পোস্টে ওই যাত্রী লিখেছেন, শেষে কর্মীরা কেন এত ভয় পেয়েছিলেন? তারা শেষ পর্যন্ত পরিস্থিতি সামলেছেন ঠিকই কিন্তু প্রথমে তীব্র গন্ধ আর পরিস্থিতির জেরে আমরা সকলেই ভয় পেয়েছিলাম।

তিনি আরও অভিযোগ করেন, গন্ধের উৎস সম্পর্কে কোনো সঠিক প্রযুক্তিগত তথ্য দেওয়া হয়নি। শুধু বলা হয়েছে এটা হয়তো এখান থেকে বা ওখান থেকে এসেছে। তার মতে, গন্ধটি ছিল বেশ তীব্র, মোটেই হালকা নয়। তা দীর্ঘ সময় ধরে ছিল ও বাড়ছিল।

যদিও উড়োজাহাজটি নিরাপদে গন্তব্যে পৌঁছেছে, এমন ঘটনা উড়ানের সময় যাত্রীদের নিরাপত্তা নিয়ে উদ্বেগ আরও বাড়ালো। কর্তৃপক্ষ এই বিষয়ে কোনো বিস্তারিত তদন্ত শুরু করেছে কিনা, তা এখনও স্পষ্ট নয়।

-B